

তারিখ ... 06 JAN 1990
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ১১

চট্টগ্রাম ভাস্কিট শিক্ষক
সমিতির উদ্বেগ
(স্ট্রাকরিপোর্টার)

চট্টগ্রাম, ৩রা জানুয়ারী।
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি
আজ এক বিবৃতিতে গভীর উদ্বেগ
প্রকাশ করে বলেছে, সরকার এক-
তরফাভাবে জাতীয় সংসদের আসন
অধিবেশনে বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ
১৯৭৩-এর সংশোধনী আনতে
যাচ্ছেন। এই অধ্যাদেশ আমাদের
স্বাধীনতার মতই রক্তের মাল্যে কেনা
এবং তা শিক্ষকদের দীর্ঘ দিনের
সংগ্রামের ফসল।

বিবৃতিতে বলা হয়, এই
অধ্যাদেশ সংশোধন করার প্রয়াস
শিক্ষক সমাজ কখনো মেনে নেবে না।
এতে বলা হয়, উক্ত অধ্যাদেশ-
কে সমন্বয়যোগী করায় যে কোন
সংশোধনী কেবল শিক্ষকদের বৈধ
প্রতিনিধিবর্গের সঙ্গে আলোচনা-
সাপেক্ষেই হতে পারে।

বিবৃতিতে সরকার ও সংশ্লিষ্ট
সকলে এ ধরনের যে কোন প্রচেষ্টা
থেকে বিরত থাকার আহ্বান জানিয়ে
বলা হয়- তা না হলে উদ্ভূত
পরিস্থিতির জন্য সকল দায়িত্ব
সরকারকে বহন করতে হবে।

এ বিবৃতিতে স্বাক্ষর করেছেন
সমিতির সাধারণ সম্পাদক ডঃ আবুল
কলাম আজাদ।